

গ্যাল্টসুয়ান জেটসুন পেমা ওয়াংচুক মাদার অ্যান্ড চাইল্ড হাসপাতালের উদ্বোধন

মার্চ 23, 2024

প্রধানমন্ত্রী শ্রীনরেন্দ্র মোদী এবং ভুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে, থিম্পুতে ভারত সরকারের সহায়তায় নির্মিত একটি অত্যাধুনিক হাসপাতাল, গ্যাল্টসুয়ান জেটসুন পেমা ওয়াংচুক মাদার অ্যান্ড চাইল্ড হাসপাতালের উদ্বোধন করেন।

2. ভারত সরকার 150 শয্যাবিশিষ্ট গ্যাল্টসুয়ান জেটসুন পেমা ওয়াংচুক মাদার অ্যান্ড চাইল্ড হাসপাতালের উন্নয়নে দুই ধাপে সহায়তা করেছে। হাসপাতালের প্রথম ফেজটি নির্মাণ করা হয়েছে 22 কোটি টাকা ব্যয়ে এবং 2019 সাল থেকে চালু রয়েছে। দ্বিতীয় পর্যায়ের নির্মাণ 2019 সালে 12 তম পঞ্চবার্ষিক পরিকল্পনার অংশ হিসেবে 119 কোটি টাকা ব্যয়ের পরিকল্পনা অনুসারে সম্পূর্ণ হয়েছে।

3. নবনির্মিত হাসপাতাল ভুটানে মা ও শিশু স্বাস্থ্য পরিষেবার মান বৃদ্ধি করবে। নতুন এই পরিষেবাগত সুবিধায় শিশুরোগ, স্ত্রীরোগ ও প্রসূতিবিদ্যা, অ্যানেস্থেসিওলজি, অপারেশন থিয়েটার, নবজাতক নিবিড় পরিচর্যা এবং শিশু নিবিড় পরিচর্যার জন্য অত্যাধুনিক ব্যবস্থা থাকবে।

4. গ্যাল্টসুয়ান জেটসুন পেমা ওয়াংচুক মাদার অ্যান্ড চাইল্ড হাসপাতালটি স্বাস্থ্য-পরিচর্যায় ভারত-ভুটান অংশীদারিত্বের একটি উজ্জ্বল উদাহরণ হিসাবে দাঁড়িয়েছে।

থিম্পু

23 মার্চ, 2024